দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 MAY 2003
পৃষ্ঠা ১৬ কলাম ১

এইচএসসি পরীক্ষা আসন্ন

# নকল প্রতিরোধে চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৭৭টি ভিজিল্যান্স টিম

চবি সংবাদদাতা ॥ আগামী ২৯ মে সারা দেশে শুরু হচ্ছে এইচএসসি পরীক্ষা। চট্টগ্রাম শিক্ষা বোর্ড পরীক্ষায় নকল প্রতিরোধে ব্যাপক প্রস্তুতি সম্পন্ন করেছে। প্রতি এক শ' ছাত্রের জন্য একজন হিসাবে ৭৭টি ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে। এর মধ্যে ২৮টি স্পেশাল টিম। এবারের পরীক্ষায় প্রথমবারের মতো সিটি কর্পোরেশনের কলেজগুলো থেকে কয়েক শিক্ষককে ভিজিল্যান্স টিমের অন্তর্ভুক্ত করা হয়েছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ড থেকে মোট ৪৫,০২৯ পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। গত বছর এ সংখ্যা ছিল ৪৫,৫৫২। এবার মোট ৭৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে ২টি নতুন কেন্দ্র রয়েছে।

এবার চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে মোট ৭৫টি কেন্দ্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে সন্দ্বীপের একটি এবং ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (যেটি পূর্বে স্থগিত ছিল) কেন্দ্রটি নতুন। নকল প্রতিরোধে গার্ড এবং স্থানীয় কর্মকর্তা ছাড়াও ৭৭টি ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে। এর মধ্যে ২৮টি স্পেশাল টিম। প্রতিটি স্পেশাল টিমের টিম লিডার হিসাবে থাকবেন একজন বোর্ড কর্মকর্তা। স্পেশাল টিমের সদস্য সংখ্যা ৫। বাকি ৪৯টি সাধারণ ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে-বিভিন্ন কলেজের অপেক্ষাকৃত তরুণ শিক্ষকদের নিয়ে। সাধারণ ভিজিল্যান্স টিমের সদস্য সংখ্যা ৩ থেকে ১০। এর মধ্যে নগরীতে ৬টি, কক্সবাজারে ১০টি, সন্দ্বীপে ৮টি, রাঙ্গামাটিতে ১৪টি, খাগড়াছড়িতে ৭টি এবং বান্দরবানে ৪টি টিম দায়িত্ব পালন করবে। পরীক্ষায় নকল প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে বলতে গিয়ে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এওয়াইএম ওবায়দুল আকবর বলেছেন, 'কেন্দ্র রাজনৈতিক প্রভাবমুক্ত থাকলে নকল প্রতিরোধের জন্য শিক্ষকরাই যথেষ্ট। আমরা আশা করব গতবারের মতো এবারও আমরা নকলমুক্ত পরিবেশে পরীক্ষা নিতে পারব।' উল্লেখ্য, গত বছর ২,৫৯০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছিল।